36

দৈনিক বাংলা

তারিখ 12 JAN 1996
পৃষ্ঠা ৮ কলাম ১

# স্কুলে ভর্তি ঃ ২০ সীটের জন্য পাঁচশ' ফরম বিক্রি

**স্টাফ রিপোর্টার ঃ** মাত্র বিশটি সীটের জন্য প্রায় পাঁচশ' ভর্তি ফরম বিক্রি হয়েছে। এই ভর্তি ফরম বিক্রি হয়েছে রাজধানীর গবঃ ল্যাবরেটরী হাইস্কুলের ৬ষ্ঠ শ্রেণীর জন্য।

এ তথ্য জানিয়েছেন গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের প্রধান শিক্ষক হাবিবুল্লাহ খান। তিনি আরও জানান, এই স্কুলে প্রথম শ্রেণীর প্রাতঃ ও দিবা বিভাগে মাত্র ২০০ ছাত্র নেয়া হবে। এরই মধ্যে চৌদ্দশ'র বেশী ভর্তি ফরম বিক্রি হয়ে গেছে। আরও কিছু বিক্রি হতে পারে।

শুধু গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল নয়। মতিঝিল ও ধানমন্ডি গবঃ হাইস্কুলসহ রাজধানীর নামকরা সরকারী হাইস্কুলে ভর্তির ভিড় প্রায় একই রকম। কাল শনিবার এই তিনটি স্কুল ছাড়াও ঢাকা কলেজিয়েট হাইস্কুল, কামরুন্নেছা গার্লস হাইস্কুল, ধানমন্ডি বয়েজ ও গার্লস হাইস্কুল, তেজগাঁও গার্লস হাইস্কুল ও ধানমন্ডি গার্লস হাইস্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন হবে রাজধানীর সরকারী ২৪টি হাইস্কুলের 'খ' গ্রুপের ৮টি হাইস্কুলের ভর্তি পরীক্ষা। অন্য দুই গ্রুপের স্কুলের চেয়ে এদিনের স্কুলগুলো অপেক্ষাকৃত নামকরা। আর এ কারণে এই স্কুলগুলোতে ভর্তিচ্ছুদের চাপ বেশী। ১ জানুয়ারী ভর্তি ফরম বিক্রি শুরু থেকে স্কুলে অভিভাবকদের ভিড় লেগেই আছে। গতকালও ভিড়ের কমতি ছিল না। কয়েকটি হাইস্কুলের প্রধান শিক্ষক জানান, ভর্তি ফরম নেয়ার সময় অনেকেই তাদের সন্তানটি যাতে ভর্তি হয় সেজন্য জানাচ্ছেন বিনীত অনুরোধ। বুধবারও স্কুলগুলোতে অভিভাবকদের বেশ ভিড় ছিল। তদ্বির ও ভিড়ের জন্য কয়েকটি স্কুলের প্রধান শিক্ষক আগেভাগে অফিসের কাজ সেরে গা'ঢাকা দিয়েছেন। কেউ কেউ টেলিফোনেও এ্যাটেন্ড করছেন না তদ্বিরের ভয়ে।

## রোববার 'গ' গ্রুপ স্কুলের ভর্তি পরীক্ষা

রোববার হবে 'গ' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষা। এই স্কুলগুলো হলো ঃ নবাবপুর স্কুল, নারিন্দা স্কুল, ঢাকা মুসলিম হাইস্কুল, ইসলামিয়া হাইস্কুল, গণভবন হাইস্কুল, ধানমন্ডিস্থ কামরুন্নেছা গার্লস হাইস্কুল, নিউ গবঃ হাইস্কুল ও বাংলাবাজার গবঃ গার্লস হাইস্কুল।